দৈনিক
ইত্তেফাক

তারিখ ..2 0 NOV 2006 ...
পৃষ্ঠা ১ কলাম ৫

# বার্ষিক পরীক্ষা দেয়ার সুযোগ চেয়ে রাষ্ট্রপতির কাছে আবেদন

॥ ইত্তেফাক রিপোর্ট ॥

স্কুলসমূহকে অবরোধের আওতামুক্ত রাখার দাবিতে গতকাল রবিবার নগরীর বিভিন্ন স্কুলের শিক্ষার্থীরা দৈনিক বাংলার মোড়ে মানববন্ধন রচনা করে এবং প্রধান উপদেষ্টার নিকট স্মারকলিপি পেশ করে। স্মারকলিপিতে স্কুল শিক্ষার্থীরা রাষ্ট্রপতি ও প্রধান উপদেষ্টার উদ্দেশে বলেঃ দেশের লাখ লাখ ছাত্র-ছাত্রীর পক্ষ থেকে অত্যন্ত দুঃখের সাথে জানাচ্ছি যে, বিগত কিছুদিন ধরে অবরোধ কর্মসূচিসহ রাজনৈতিক অচলাবস্থা বিরাজ করছে। এই রাজনৈতিক অস্থিরতা ও কর্মসূচির কারণে আমরা স্কুলে যাওয়া ও শিক্ষালাভ থেকে বঞ্চিত হচ্ছি। রাষ্ট্রপতিকে উদ্দেশ করে শিক্ষার্থীরা আরো বলে, ইতিমধ্যে সারাদেশে আমাদের বার্ষিক পরীক্ষা শুরু হওয়ার কথা। কিন্তু অবরোধের কারণে বার বার পরীক্ষা পিছিয়ে যাচ্ছে। এমন গুরুত্বপূর্ণ সময়ে অবরোধের কারণে স্কুল বন্ধ হলে তার ক্ষতিকর প্রভাব হবে মারাত্মক। (২য় পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## বার্ষিক পরীক্ষা

(প্রথম পৃঃ পর)

গোটা জাতির অভিভাবক হিসেবে আপনার কাছে আমাদের আকুল আবেদন, আমাদের জন্য নিরাপদে স্কুলে যাওয়া ও বার্ষিক পরীক্ষা দেয়ার ব্যবস্থা গ্রহণ করুন। মানববন্ধনকালে শিক্ষার্থীরা রাস্তার পাশে সারিবদ্ধভাবে অবস্থান গ্রহণ করে। এ সময় তাদের হাতে বই, খাতা, কলম ছিল।